

সাত্ত্বনা

সাতমাত্রা পাঁচমাত্রা কবি সাত্ত্বনা  
এই দিয়ে কি কাজ চলবে? দু'চার পাতার মেঘ  
ছ'সাত লাইন সমুদ্র গাছ মাটি পুকুর ঘাস  
এক স্তবকের উঠোন ছেড়ে রাঙামাটির পথ  
পরের স্তবক পৌঁছে পাবে নৌকো খেয়াঘাট  
চলতে চলতে স্তবক পূর্ণ, শাল বট অখ  
পিছন দিকে রইলো; পাশে ধানক্ষেত আর মাঠ  
এর বেশি সাত্ত্বনা তোমায় জানাতে পারব না  
এক মুঠো এই লেখা বরং মাঠেই পড়ে থাক  
যে কবিতার একদিকে জল, একদিকে আকাশ .....

জয় গোস্বামী

